**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 03-06-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## Union Agri Minister:

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন যে, কেন্দ্রীয় সরকার দেশের খাদ্য নিরাপত্তার পাশাপাশি কৃষকদের সমৃদ্ধিও নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ। কেন্দ্রীয় কৃষিমন্ত্রী শিবরাজ সিং চৌহান গতকাল মোতিহারীর পিপারাকোঠ কৃষি বিজ্ঞান কেন্দ্রে 'বিকশিত কৃষি সংকল্প অভিযানের এক অনুষ্ঠানে বক্তব্য রাখছিলেন। দেশব্যাপি এই অভিযানের গতকাল ছিল পঞ্চম দিবস। কেন্দ্রীয় কৃষি মন্ত্রী বলেন বিকশিত কৃষি সংকল্প অভিযানের মূল উদ্দেশ্য হল সুবিধাভোগী কৃষকদের জন্য বিভিন্ন প্রকল্প ও কল্যাণমূলক কর্মসূচী তাদের দুয়ারে দুয়ার- পৌঁছে দেওয়া।

************************

## Viksit Krishi Sankalpa Ratan lal:

এদিকে, কৃষিমন্ত্রী রতনলাল নাথ গতকাল ধলাই জেলার ছামনু বিধানসভার ময়নামা গ্রামে আয়োজিত বিকশিত কৃষি সংকল্প অভিযান কর্মসূচীতে অংশ নেন। অনুষ্ঠানে কৃষিমন্ত্রী জানান, ধান ও অন্যান্য ফসল উৎপাদনে রাজ্য উন্নতি করছে। রাজ্য সরকার কৃষকদের পাশে আছে। শ্রী নাথ বলেন, সরকারি বিভিন্ন প্রকল্প নিয়ে গোটা দপ্তর যে কৃষকদের পাশে রয়েছে, এই বিশ্বাস তাদের মধ্যে জন্ম নিয়েছে। কৃষিই একদিন এই এলাকার উন্নয়নের মূল চাবিকাঠি হয়ে উঠবে বলে তিনি দৃঢ় আশা প্রকাশ করেন। তিনি আরও বলেন, রাজ্যের উর্বর মাটি ব্যবহার করে এবং বিজ্ঞানীদের পরামর্শ নিয়ে কৃষিতে উন্নতি করা হচ্ছে। অনুষ্ঠানে বিধায়ক শম্ভুলাল চাকমা সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

************************

**AI Bharat Gen Dr.Jitendra Sing:**

কেন্দ্রীয়  মন্ত্রী ডাঃ জিতেন্দ্র সিং গতকাল নয়াদিল্লিতে ভারত জেন সম্মেলনে ‘ভারত জেন’ প্রকল্প চালু করেছেন। সম্মেলনে  ভারতীয় ভাষার জন্য  সরকারী অর্থায়িত স্বদেশী প্রযুক্তিতে উন্নত AI ভিত্তিক মাল্টিমোডাল লার্জ ল্যাঙ্গুয়েজ মডেল (LLM) উপস্থাপন করা হয়। ভারতের ভাষাগত এবং সাংস্কৃতিক পরিসরে AI এর মাধ্যমে বিপ্লবের লক্ষ্যে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় ভারত জেন প্রকল্প গ্রহন করেছে।

এই উদ্যোগটি প্রধান শিক্ষা প্রতিষ্ঠান, বিশেষজ্ঞ এবং উদ্ভাবকদের সহায়তা করবে। সম্মেলনে ডাঃ জিতেন্দ্র সিং ভারতজেনকে একটি জাতীয় মিশন হিসেবে বর্ণনা করে বলেন এতে এমন কৃত্রিম বুদ্ধিমত্তা তৈরি হবে যা নৈতিক, অন্তর্ভুক্তিমূলক, বহু ভাষিক এবং ভারতীয় মূল্যবোধ ও নৈতিকতার সাথে গভীরভাবে সংযুক্ত। ২২টি ভারতীয় ভাষায় সহজে কৃত্রিম বুদ্ধিমত্তার সমাধান প্রদান করবে ভারতজেন।

************************

**PM, IATA :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন ভারতের বিমান পরিবহন ক্ষেত্র, বিশ্বব্যাপী বিমান পরিবহন শিল্পে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং আজ এটি আত্মবিশ্বাসে পরিপূর্ণ। গতকাল নতুনদিল্লির ভারত মণ্ডপমে আন্তর্জাতিক বিমান পরিবহন সমিতি, IATA'র ৮১তম বার্ষিক সাধারণ সভায় ভাষণে একথা বলেন। শ্রী মোদী বলেন উড়ান প্রকল্পের সাফল্য ভারতীয় অসামরিক বিমান পরিবহনে স্বর্ণযুগের মত এবং এখন ভারত বিশ্বের তৃতীয় বৃহত্তম অভ্যন্তরীণ বিমান পরিবহন বাজারে পরিণত হয়েছে।

অনুষ্ঠানে অসামরিক বিমান পরিবহনমন্ত্রী কে রামমোহন নাইডু বলেন, সরকার আগামী পাঁচ বছরে দেশে আরও ৫0টি বিমানবন্দর গড়ে তোলার জন্য প্রতিশ্রুতিবদ্ধ।

************************

**NEET P.G. Exam:**

চলতি বছরের NEET, PG পরীক্ষা স্থগিত রাখা হয়েছে। আগামী ১৫ই জুন এই পরীক্ষার দিন নির্ধারিত ছিল। জাতীয় মেডিক্যাল সায়েন্সেস বোর্ডের বিজ্ঞপ্তিতে বলা হয়েছে পরীক্ষার  পরবর্তী তারিখ শীঘ্রই জানানো হবে।

************************

**Untraced  tourists in Sikim:**

সিকিম ভ্রমনে গিয়ে দুর্ঘটনায় নিখোঁজ কৈলাসহরের দুই যুবক দেবজ্যোতি দেব ও স্বপ্ননীল দেবের সন্ধানে ত্রিপুরা সরকার তৎপরতা শুরু করেছে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার নির্দেশে তাদের খোঁজ পেতে মুখ্যমন্ত্রীর সচিব  পি কে চক্রবর্তী সিকিমের মুখ্যমন্ত্রীর সচিব কে এন ভুটিয়ার সঙ্গে যোগাযোগ করে জানতে পারেন,  সিকিমে প্রবল বৃষ্টি,  প্রতিকূল আবহাওয়া ও তিস্তা নদীতে প্রবল জলস্রোতের জন্য উদ্ধার কাজ ব্যাহত হচ্ছে। তবে তাদের সন্ধানে সবরকম প্রয়াস জারি রয়েছে।

************************

**World Environment week:**

বিশ্ব পরিবেশ সপ্তাহ উদযাপন উপলক্ষে গতকাল জোলাইবাড়ি ব্লকের স্বদেশনগর গ্রাম পঞ্চায়েতে বৃক্ষরোপণ কর্মসূচি অনুষ্ঠিত হয়। কর্মসূচীতে স্বদেশনগর গ্রাম পঞ্চায়েতের প্রধান কণিকা পাল, বীরচন্দ্রমনুর দক্ষিন জেলা কৃষি

বিজ্ঞান কেন্দ্রের কৃষি বিশেষজ্ঞ বাসুদেব ঘোষ এবং পঞ্চায়েত এলাকার মানুষজন অংশ নেন।

************************

**Football:**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার নির্ণায়ক খেলায় আজ উত্তর বাধারঘাটের স্বামী বিবেকানন্দ ক্লাব ও ভাটি অভয়নগরের বিবেকানন্দ ক্লাব পরস্পরের মুখোমুখি হবে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে সন্ধ্যা ৬টায় নৈশালোকে এই ম্যাচটি হবে। নির্ণায়ক ম্যাচের পর চ্যাম্পিয়ন ও রানার্স দলকে ট্রফি ও প্রাইজমানি তুলে দেয়া হবে।

************************

**Flood & Rainfall conditions:**

বর্ষা মরশুমের শুরুতেই রাজ্যের প্রায় সর্বত্র বৃষ্টি হচ্ছে| রাজ্য সরকারের পক্ষ থেকে গতকাল জানানো হয়, রাজ্যের বিভিন্ন অংশে জলপ্লাবিত দুর্গতদের জন্য ৬৬টি ত্রান শিবিরে, খাবার, অষুধপত্র ও অন্যান্য প্রয়োজনীয় সামগ্রী দেওয়া হচ্ছে। ২৯২৬ পরিবারের ১০ হাজার ৮১৩ জন এই শিবিরগুলোতে আশ্রয় নিয়েছেন। পশ্চিম ত্রিপুরা জেলাতেই ৫০টি ত্রাণ শিবিরে আশ্রয় নিয়েছে ২৩৫২ পরিবার। প্রবল বৃষ্টিতে গোমতী, সিপাহীজলা, দক্ষিণ ত্রিপুরা, খোয়াই ও উত্তর ত্রিপুরা জেলার বিভিন্ন অংশে ২১৯ টি বাড়ি ঘরের ক্ষতি হয়েছে। তবে জলস্তর কমছে।

এদিকে, ভারতীয় আবহাওয়া দপ্তর আই এম ডি থেকে আজও রাজ্যে বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে। আই এম ডি-র পক্ষ থেকে রাজ্যের খোয়াই, পশ্চিম ত্রিপুরা জেলা ও দক্ষিণ ত্রিপুরা জেলায় ভারি থেকে অতিভারি বৃষ্টিপাতের

সম্ভাবনা থাকায় কমলা সতর্কতা জারি করা হয়েছে, বাকী জেলাগুলোর জন্য হলুদ সতর্কতা জারি করা হয়েছে।

************************

**Weather:**

এদিকে,  আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাত হবে। আগরতলা ও তার আশেপাশে গত প্রায় ২৪ ঘন্টায় বৃষ্টি হয়েছে ৬৯.৬ মিলিমিটার। আগরতলায়, আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৩.২ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে|

************************

************************